



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্মেলন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের আয়োজনে ইংরেজি শিক্ষা ও বাজার অর্থনীতি বিষয়ক দু'দিনের চতুর্থ আন্তর্জাতিক সম্মেলন শনিবার শেষ হয়। গত শুক্রবার রাজধানীর আফতাব নগরে নিজস্ব ক্যাম্পাসে সম্মেলনের উদ্বোধন করেন ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক এমএ মান্নান। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাস উদ্দিনের সভাপতিত্বে উদ্বোধনীতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান। স্বাগত বক্তব্য দেন ইংরেজি বিভাগের চেয়ারপারসন অধ্যাপক এম মনজুর আলম। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়ার গ্রিফথ ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের অধ্যাপক থমাস অ্যান্ড্রু ক্রিকপার্টিক।